ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

**॥সংবাদ বিজ্ঞপ্তি॥**

## সুপ্রীম কোর্টের কাছে জাতীয় খানা জরিপ ২০১০ এর উত্তর সম্বলিত প্রশ্নমালা পাঠিয়েছে টিআইবি

**ঢাকা, রবিবার, ৯ জানুয়ারি ২০১১:** সুপ্রীম কোর্টের বিগত ৬ জানুয়ারির চিঠির প্রেক্ষিতে আজ টিআইবি'র জাতীয় খানা জরিপের বিচার খাত সংশ্লিষ্ট উত্তর সম্বলিত প্রশ্নমালার হার্ড কপি উচ্চ আদালতে প্রেরণ করা হয়েছে।

উল্লেখ্য, ৬ জানুয়ারির সুপ্রীম কোর্টের চিঠিতে টিআইবি'র ৪ জানুয়ারি প্রেরিত সিডি কপির STATA এবং SPSS ফাইল দুটি খোলা সম্ভব হয় নাই বলে জানানো হয়।

উল্লেখ্য, এই হার্ড কপির তথ্যসমূহই সিডিতে EXCELL, STATA ও SPSS পদ্ধতিতে এন্ট্রি করা হয়েছে। টিআইবি'র আজকের চিঠিতে তথ্যের যথোপযুক্ত বিশ্লেষণ ও তার মাধ্যমে জরিপের ফলাফলের গ্রহণযোগ্যতা ও উৎকর্ষতা যাচাইয়ের জন্য উক্ত সফটওয়্যারসমূহের ব্যবহার বা অন্য কোনভাবে সহায়ক ভূমিকা প্রয়োজন থাকলে তা টিআইবি'কে জানাতে অনুরোধ করা হয়েছে।

উত্তরমালা সম্বলিত হার্ড কপি প্রেরণ প্রসঙ্গে টিআইবি'র নির্বাহী পরিচালক আশা প্রকাশ করে বলেন, আলোচ্য জরিপ বিচার বিভাগের সেবা সম্পর্কিত বিরাজমান সমস্যার ব্যাপকতা ও গভীরতার যে চিত্র তুলে ধরেছে তার তাৎপর্য উপলব্ধি করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জরিপের ফলাফল ও সুপারিশমালা গুরুত্বের সাথে বিবেচনা করবেন।

**গণমাধ্যম যোগাযোগ**

**এস. এম. রিজওয়ান-উল-আলম**
পরিচালক-আউটরিচ এন্ড কমিউনিকেশন
ই-মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩০৬৫০১২